উপজেলা পরিষদ

মেলান্দহ , জামালপুর।

জুন/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ দিদারুল পাশা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ : ৩০-০৬-২০২৪ খ্রি:

সময় : বেলা ৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" এবং অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "খ"।

সভার প্রারম্ভে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে বলেন যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনে চেয়ারম্যান পদে মোঃ দিদারুল পাশা, ভাইস চেয়ারম্যান পদে জনাব মোঃ ইব্রাহিম খলিলুল্ল্যাহ ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে জনাবা জোনাকি নির্বাচিত হয়ে গত ২৬/০৬/২০২৪ তারিখে শপথ বাক্য পাঠ করেন। তিনি উপস্থিত সকলকে নির্বাচিত প্রতিনিধিদের সাথে পরিচয় করে দেন এবং সভার কাজ আরম্ভ করার অনুরোধ জানান। নব নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান উপজেলা পরিষদের উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা ও উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমে সার্বিক সহযোগীতার আহ্বান জানান এবং সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ, জামালপুর কে অনুরোধ জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচি অনুসারে গৃহীত বিষয় সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক) বিগত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ সভায় গত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী অদ্যকার সভায় পাঠ করে শোনান, পাঠশেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | সভার এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গত সভার কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট) মেলান্দহ, জামালপুর। |

খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ গত মাসিক সভায় যে সমস্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছিল সে সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান প্রক্রিয়া ও সন্তোষজনক রয়েছে। | সভার এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট) মেলান্দহ, জামালপুর। |

গ) উপজেলা পরিষদ প্যানেল চেয়ারম্যান গঠনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (২০০৯ সনের ৩০ জুন পর্যন্ত সংশোধিত) এর ১৮ ধারা অনুযায়ী ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বানে নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের শপথ গ্রহণের ৩০ দিনের মধ্যে প্রথম সভা আহ্বান এবং একই আইনের ১৫ ধারা অনুযায়ী নব নির্বাচিত চেয়ারম্যান উপজেলা পরিষধ মেলান্দহ, প্যানেল চেয়ারম্যান গঠনের জন্য অনুরোধ জানালে নব নির্বাচিত ভাইস চেয়ারম্যান (মহিলা) জোনাকি, নব নির্বাচিত ভাইস চেয়ারম্যান মোঃ ইব্রাহিম খলিলুল্ল্যাহ কে প্যানেল চেয়ারম্যান-১ হিসাবে গঠন করার জন্য তার সমর্থনসহ প্রস্তাব সভায় পেশ করেন। নব নির্বাচিত ভাইস চেয়ারম্যান মোঃ ইব্রাহিম খলিলুল্ল্যাহ, নব নির্বাচিত ভাইস চেয়ারম্যান (মহিলা) জোনাকি কে প্যানেল চেয়ারম্যান-২ হিসাবে গঠন করার জন্য তার সমর্থনসহ প্রস্তাব পেশ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, সভায় উপস্থিত ০২ (দুই) জন ভাইস চেয়ারম্যানের মধ্য হতে জনাব মোঃ ইব্রাহিম খলিলুল্ল্যাহ কে প্রথম প্যানেল চেয়ারম্যান এবং জনাবা জোনাকি কে দ্বিতীয় প্যানেল চেয়ারম্যান হিসাবে গঠনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। ও উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ, জামালপুর। |

চলমান পাতা-২

ঘ) উপজেলা পরিষদের ১৭টি কমিটি গঠনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদ (সংশোধন) আইন ২০১১ এর ২৯ (১) ধারা মতে উপজেলা পরিষদ কর্তৃক ১৭টি বিষয়ে ১ (এক) টি করে কমিটি গঠন করার জন্য বলা হয়েছে। ভাইস চেয়ারম্যানগণকে সভাপতি ও সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণকে সদস্য সচিব করে কমিটি গঠনের আহবান জানান। | সভার এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে, সর্ব সম্মতিতে ১৭টি বিষয়ে ১ (এক)টি করে নতুন কমিটি গঠন করা হলো। যা পরিশিষ্ট-(চ) তে সংযুক্ত রইল। এ বিষয়ে সংশ্লিষ্ট সদস্য সচিবগণকে সভাপতির সাথে পরামর্শ করে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম হিসাবে প্রতি দুই মাস পরপর সভা করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর ও উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ, জামালপুর। |

ঙ) বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান, ০১। সরকারী নির্দেশনা মোতাবেক প্রার্কিতিক দুর্যোগ মোকাবেলা করার জন্য হাসপাতাল এবং ইউনিয়ন ভিত্তিক মেডিকেল টিম প্রস্তুত রহিয়াছে ০২। বর্তমানে সারাদেশে রাসেল ভাইপার এর উপদ্রব্য বেড়ে যাওয়ায় জনগনের মাঝে আতংঙ্ক বিরাজ করছে, এর পরিপ্রেক্ষিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,মেলান্দহ,জামালপুরে এন্টি ভেনাম সিরাম ইনজেকশন ১০টি ভ্যায়াল মুজদ রহিয়াছে এবং ইতিমধ্যে আরো চাহিদা প্রেরন করা হয়েছে।<br>০২। বেসরকারী হাসপাতাল,ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টার ও ব্লাড ব্যাংকের লাইসেন্স প্রদান ও নবায়ন না হয়ে থাকলে, সেই সব বেসরকারী হাসপাতাল,ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টার ও ব্লাড ব্যাংক, মোবইল কোর্ট এর মাধ্যমে প্রতিষ্ঠান সিলগালা করে বন্ধ করার নির্দেশ রহিয়াছে। এই ব্যাপারে উপজেলা প্রশাসন এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সহযোগিতা কামনা করছি<br>০৩। কোভিড-১৯ টিকাদান কার্যক্রমঃ- ১০০% সফল হয়েছে। সর্ম্প্রতি কোভিড-১৯ সংক্রমন বৃদ্ধি পাওয়ায় ১ম সারির স্বাস্থ্য কর্মীদের নিরাপত্তার স্বার্থে কোভিড-১৯ বুষ্টার ডোজ(১ম-৪র্থ এবং ৫ম) টিকা প্রদান করা হচ্ছে। কোভিড-১৯ ভ্যাকসিন প্রাপ্তি স্বাপেক্ষে ১৮ বছর এবং তদূর্ধ বয়সী সকল নাগরিককে বুষ্টার ডোজ প্রদান করা হইবে ০৪। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে ১৩/০৬/২০২৩ খ্রিঃ তারিখ থেকে মাননীয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক বৈকালিক স্বাস্থ্য সেবা শুরু হয়েছে এবং চলমান রহিয়াছে।<br>০৫। ডেঙ্গু ঃ- (ক) অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গু পরীক্ষা চলমান রহিয়াছে।<br>(খ) ডেঙ্গু ওয়ার্ড চালূ রহিয়াছে।<br>(গ) ১২/০৭/২০২৩ খ্রিঃ তারিখ হতে ১৯/১২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২১৭ জনকে ডেঙ্গু পরিক্ষা করা হয় এবং পজিটিভ হয় ১৩১ জন। ইহাদের মধ্যে ৩১ জন ডেঙ্গু রোগী ভর্তি হন এবং সুস্থ হয়ে হাসপাতাল ত্যাগ করেন, বাকীরা বহিঃ বিভাগে চিকিৎসা নেন ০৬। অত্র উপজেলায় এইচইডির মাধ্যমে ০৬ (ছয়) টি কমিউনিটি ক্লিনিক পুর্ন নির্মানধীন রহিয়াছে, যাহার মধ্যে ০৫ টি কমিউনিটি ক্লিনিক (১) বুরুঙ্গা কমিউনিটি ক্লিনিক (২) আমবাড়ীয়া কমিউনিটি ক্লিনিক (৩) আগপয়লা কমিউনিটি ক্লিনিক (৪) বাগবাড়ী কমিউনিটি ক্লিনিক (৫) সাধুপুর কান্দারপাড়া কমিউনিটি ক্লিনিকহস্তান্তর করা হয়েছে এবং বাকী ০১টি (৬) পচা বহলা কমিউনিটি ক্লিনিক এখনও সম্পন্ন হয়নি।<br>০৭। চরবানিপাকুরিয়া ইউনিয়নের মহিরাকুল উপস্বাস্থ্য কেন্দ্রের ভিতরে বিভিন্ন প্রকার ফসল মাড়ানো,শুকানো হয় এবং গরু,ছাগল, ভেড়া ছেড়ে দেওয়া হয়, যাহা উপস্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্য সেবা এবং পরিবেশ নষ্ট হচ্ছে। এই ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করছি ০৮। গাইনি,অর্থোপেডিক, সাজারী, শিশু,কার্ডিওলজী,এ্যাস্থেসলোজিস্ট এবং ইএনটি কনসালটেন্ট গন নিয়মিত রোগী দেখার পাশাপাশি অপারেশন করছে।<br>০৯। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের বর্হিঃ বিভাগ/অন্তঃ বিভাগ/প্রসূতি সেবা/মাঠ পর্যায়ে ইপিআই কার্যক্রম ও সিসি সহ সকল কার্যক্রম চলছে। | আলোচনান্তে, হাসপাতালের ভিতর দালার চক্রের দমন এবং রোগীদের সেবা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় আলোচনা করা হলো না। | | |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ১। প্রণোদনা খরিফ-২ ২০২৩-২৪ রোপা আমন মৌসুমে ১৬০০ জন কৃষকের মাঝে ধান বীজ ও সার বিনা মূল্যে বিতরণ ২। খরিফ-২ ২০২৩-২৪ রোপা আমন মৌসুমে ৮০ জন কৃষকের মাঝে প্রদর্শনী বাস্তবায়ন ৩। মাঠ দিবস ০১ (এক) টি কৃষক সংখ্যা ১২০ জন করা হয় ৪। সার ও বালাই নাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাই নাশক দোকান পরিদর্শন। ৫। মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে (চলমান) ৬। চলমান তাপদাহের কারনে সম্ভাব্য ক্ষতি থেকে উত্তোরনের উপায় হিসেবে বিভিন্ন গবেষনা প্রতিষ্ঠানের করনীয় সিদ্ধান্ত সমূহ কৃষকদের মাঝে পৌছাতে সকল উপসহকারী কৃষি অফিসারগণ কে মাঠ পর্যায়ে সচেতনতা মূলক কৃষক সমাবেশ আয়োজনসহ সকল কৃষক গ্রুপে আলোচনা করতে ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জরুরী নির্দেশনা দেয়াহয়েছে। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মেলান্দহ উপজেলার মরাগাংগি ও মামাভাগিনা বিলে বিল নার্সারি চলমান কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। জুন/২০২৪ মাসে উপজেলার ২৬ (ছাব্বিশ) জন মৎস্য চাষীকে মাছ চাষের বিস্তারিত পরামর্শ দেওয়া হয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণি সম্পদ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, জুন/২৪ খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ১২৫০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৭০ টি, গাবদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ১৮৮৩ টি,হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ১৭৯৮৮ টি, খামার পরিদর্শন ১০ টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ০৮টি, উঠান বৈঠকে অংশগ্রহণকারীরর সংখ্যা ১৩২ জন, ,টিকা বিক্রি বাবদ রাজস্ব আদায় হয়েছে ৩০৮৬৫ টাকা এবং সিমেন সরবরাহ করে রাজস্ব আদায় হয়েছে ৯৩৭৫০ টাকা। প্রাণিসম্পদ অধিদপ্তরের হিসাব অনুযায়ী পবিত্র ঈদ-উল আযহা/২০২৪ উপলক্ষ্যে সারাদেশে কোরবানির সংখ্যাছিল ১ কোটি ৪ লক্ষ ৮ হাজার ৯১৮ টি যার আনুমানিক বাজার মূল্য প্রায় ১ লক্ষ কোটি টাকা। মেলান্দহ উপজেলায় পবিত্র ঈদ-উল আযহা/২০২৪ উপলক্ষ্যে কোরবানির সংখ্যাছিল ৮৬৭৮টি। প্রাণিসম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রদত্ত মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রামসহ ইউনিয়ন পর্যায়ে গঠিত পিজি খামারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান সহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে । | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, চলতি অর্থ বছরে টিআর, কাবিখা-কাবিটা কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পের মাস্টার রোল এখনো পাওয়া যায়নি। এ ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সম্মানিত ইউপি চেয়ারম্যানগণকে বাস্তবায়িত প্রকল্পের মাস্টার রোল দ্রুত দাখিল করার জন্য অনুরোধ করেন। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে আরও জানান যে, সম্প্রতি অতিবৃষ্টি হচ্ছে। তাই অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা অতিরিক্ত পানি বর্তমানে যমুনা ও ব্রহ্মপুত্র নদী দিয়ে প্রবাহিত হচ্ছে। অতিবৃষ্টির কারনে বন্যা হওয়ার সম্ভবনা দেখা দিয়েছে, তাই প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সংশ্লিষ্ট সকলকে সম্ভাব্য বন্যায় সর্তক থাকা ও বন্য মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | সমাজসেবা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তিসহ মোট ৩৪,২৩২ জন উপকারভোগীর এপ্রিল-২০২৩ খ্রি. থেকে জুন-২০২৩ খ্রি. পর্যন্ত ০৩ মাসের পেরোল ৩০.০৪.২০২৪ তারিখে মধ্যে প্রেরণ করার নির্দেশনা ছিলো। সেমতে প্রেরোল প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে উপকারভোগীর নগদ হিসাবে ভাতার টাকা যুক্ত হয়েছে। ভাতাভোগীর নগদ হিসাবের পিন/ওটিপি কারো সাথে শেয়ার না করা জন্য সবাইকে নিজ নিজ অবস্থান থেকে প্রচার করার জন্য অনুরোধ করা হলো। প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত প্রতিবন্ধী জরিপ কাজ অনুষ্ঠিত হয়। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লীমাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিড দগ্ধ প্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার ,কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকেপ্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত নির্ধারিত ফরমপূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদনপত্রটি উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে। | বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |

চলমান পাতা-৪

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, ০১। উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ৩৫ টি স প্রা বি পরিদর্শন ০২। সকল প্রধান শিক্ষকদের নিয়ে প্রাথমিক শিক্ষার মানউন্নয়ন শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয় ০৩। শিক্ষার্থী ভর্তি ও উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত মা সমাবেশে, হোমভিজিট করা হচ্ছে ০৪। স্লিপ ২য় কিস্তির বিল পরিশোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে ০৫। ২০২৩-২৪ অর্থ বছরে সকল বিল পরিশোধের কাজ চলমান ০৬। দাপ্তরিক অন্যান্য কাজ চলমান রয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) চক্রের জুন/২০২৪ ইং মাসের ১১টি ইউনিয়নের ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ছাড় করা হয়েছে। তিনি সকলকে দ্রুত খাদ্যশস্য বিতরণ করার জন্য অনুরোধ জানান। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রতি মাসে ২টি পৌরসভায় ৪০ জন এবং ১১টি ইউনিয়নের ২০ জন করে উপকারভোগীর তালিক মে/২০২৪ ও জুন/২০২৪ ইং ২(দুই) মাসের ২/০৬/২০২৪ তারিখের মধ্যে হার্ড কপি এবং সফট কপি অনলাইনে প্রেরণের জন্য অনুরোধ জানান। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন ধরনের সমস্যা নেই। | কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন ধরনের সমস্যা নেই। | কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন ধরনের সমস্যা নেই। | কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৪ | সমবায় | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন ধরনের সমস্যা নেই। | কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন ধরনের সমস্যা নেই। | কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | ফরেস্টার | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন ধরনের সমস্যা নেই। | কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। বর্তমানে কোন ধরনের সমস্যা নেই। | কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মার্ধমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৮ | খাদ্য কর্মকর্তা | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২৪খ্রি: হতে জুন/২৪খ্রি: পর্যন্ত ভি.ডব্লিউ.বি কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া গেছে। পুষ্টি চালের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচিতে ২১,৬৫২ জন সুবিধাভোগী বছরে ৫ মাস মার্চ, এপ্রিল ও সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে চাল উত্তেলণ করেন। মেলান্দহ ও হাজরাবাড়ী পৌরসভায় মোট ০৭ (সাত) জন ডিলারের মাধ্যমে মেলান্দহ উপজেলায় ১৯ জন টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস-এর চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে সময়ে সময়ে ওএমএস ডিলারগণের মাধ্যমে চাল ও আটা সাধারণ ভোক্তার মধ্যে সরকারি নির্ধারিত মূল্যে বিক্রি করা হয়। চলতি ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির (কাবিখা) আওতায় ১ম, ২য় ও ৩য় কিস্তির ছাড়পত্র অনুযায়ী ৩০ এপ্রিল /২৪ এর মধ্যে ডি,ও ইস্যুর নির্দেশনা রয়েছে। ফুডগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রয়েছে। সামনে বোরো/২৪ মৌসুমে বৈধ লাইসেন্সধারী মিলার এবং কৃষি কার্ডধারী কৃষকগণের মাধ্যমে অ্যাপের সাহায্যে বোর ধান/চাল সংগ্রহ করা হবে। প্রতি মাসে ২/১০ টাকা কেজি দরে চাল ও ১/৭৭৫ টাকা কেজি দরে গম উত্তোলণ করেন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | ইউজিডিপি | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায়, নতুন পরিষদ কে স্বাগত ও ধন্যবাদ জানান এছাড়া সভায় আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধি করনে স্থানীয় সরকার কর্তৃক বাস্তবায়িত একমাত্র প্রজেক্ট। যার কার্যপরিধি উপজেলা পরিষদ কেন্দ্রিক। নব উপজেলা পরিষদের নিকট দ্রুতই একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করার জন্য প্রস্তাব রাখেন। | আলোচনান্তে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউএনও, উপজেলা প্রকৌশলী, ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |

চলমান পাতা-৫

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | বিবিধ | চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, হাট-বাজার এর ইজারা/খাস আদায়ের ১৫% ও ১০% হাট-বাজার রক্ষনাবেক্ষন/উন্নয়ন খাত হতে মাহমুদ বাজারের বিভিন্ন বাজারে মাটি ভরাট করার জন্য ২০০০০০ টাকা, ড্রেন পরিষ্কার করার জন্য ২০০০০০ টাকা ও বাজারের গরু হাটের পানি নিষ্কাশন করার জন্য ড্রেন নির্মাণের জন্য ২০০০০০ টাকাসহ মোট ৬০০০০০ টাকা প্রয়োজন। | বিষয়গুলো আলোচনা করা হলো, আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

পরিশিষ্ট-চ)

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অদ্যকার সভায় ১৭ কমিটির কোন সুপারিশ ও কার্যবিবরণী পাওয়া যায়নি। তিনি আরও জানান যে, গত ২৯ মে ২০২৪ তারিখ ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচিন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের নিয়ে নিম্নরূপভাবে ১৭টি স্থায়ী কমিটি পুনঃগঠন হলো।<br><br><u>আইন শৃংখলা কমিটি</u><br>ভাইস চেয়ারম্যান সভাপতি<br>ভাইস চেয়ারম্যান (মহিলা) সদস্য<br>চেয়ারম্যান ২নং কুলিয়া সদস্য<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর সদস্য<br>উপজেলআনসার ভিডিপি কর্মকর্তা- সদস্য সচিব<br><u>যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি</u><br>ভাইস চেয়ারম্যান সভাপতি<br>ভাইস চেয়ারম্যান (মহিলা) সদস্য<br>চেয়ারম্যান ৫নং নয়ানগর সদস্য<br>চেয়ারম্যান ৬নং আদ্রা সদস্য<br>ইঞ্জিনিয়ার জনস্বাস্থ্য সদস্য সচিব<br><u>কৃষি ও সেচ কমিটি</u><br>ভাইস চেয়ারম্যান সভাপতি<br>ভাইস চেয়ারম্যান (মহিলা) সদস্য<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা সদস্য<br>চেয়ারম্যান ৯নং ঘোষের পাড়া সদস্য<br>উপজেলা কৃষি অফিসার- সদস্য সচিব<br><u>মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি</u><br>ভাইস চেয়ারম্যান সভাপতি<br>ভাইস চেয়ারম্যান (মহিলা) সদস্য<br>চেয়ারম্যান ১১ নং শ্যামপুর সদস্য<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ সদস্য<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার- সদস্য সচিব<br><u>যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি</u><br>ভাইস চেয়ারম্যান সভাপতি<br>ভাইস চেয়ারম্যান (মহিলা) সদস্য<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর সদস্য<br>চেয়ারম্যান ৪নং নাংলা সদস্য<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার- সদস্য সচিব<br><u>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি</u><br>ভাইস চেয়ারম্যান (মহিলা) সভাপতি<br>ভাইস চেয়ারম্যান সদস্য<br>চেয়ারম্যান ৬নং আদ্রা সদস্য<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া সদস্য<br>উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা- সদস্য সচিব<br><u>সমাজ কল্যাণ কমিটি</u><br>ভাইস চেয়ারম্যান (মহিলা) সভাপতি | ১। প্রতিটি কমিটি প্রতি ২ মাসে অন্তত ১টি সভা করে সভার কার্যবিবরণী মাসিক সভার প্রেরণ করার জন্য কমিটির সকলকে অনুরোধ জানানো হয়।<br><br>২। পুনঃগঠিত ১৭টি স্থায়ী কমিটি অনুমোদিত হলো। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| ভাইস চেয়ারম্যান সদস্য | | |
| চেয়ারম্যান ১০ নং ঝাউগড়া সদস্য | | |
| চেয়ারম্যান ১১ নং শ্যামপুর সদস্য | | |
| উপজেলা সমাজসেবা অফিসার- সদস্য সচিব | | |
| বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) সভাপতি | | |
| ভাইস চেয়ারম্যান সদস্য | | |
| চেয়ারম্যান ৪নং নাংলা সদস্য | | |
| চেয়ারম্যান ৫নং নয়ানগর সদস্য | | |
| উপজেলা খাদ্য অফিসার- সদস্য সচিব | | |
| মৎস্য ও প্রাণি সম্পদ কমিটি | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) সভাপতি | | |
| ভাইস চেয়ারম্যান সদস্য | | |
| চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া সদস্য | | |
| চেয়ারম্যান ৮নং ফুলকোচা সদস্য | | |
| উপজেলা প্রাণি অফিসার- সদস্য সচিব | | |
| মহিলা ও শিশু উন্নয়ন কমিটি | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) সভাপতি | | |
| ভাইস চেয়ারম্যান সদস্য | | |
| চেয়ারম্যান ১০ নং ঝাউগড়া সদস্য | | |
| চেয়ারম্যান ১১নং শ্যামপুর সদস্য | | |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা- সদস্য সচিব | | |
| মুক্তিযোদ্ধা কমিটি | | |
| ভাইস চেয়ারম্যান সভাপতি | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) সদস্য | | |
| চেয়ারম্যান ৫নং নয়ানগর সদস্য | | |
| চেয়ারম্যান ৬নং আদ্রা সদস্য | | |
| উপজেলা সমাজসেবা অফিসার- সদস্য সচিব | | |
| সংস্কৃতি কমিটি | | |
| ভাইস চেয়ারম্যান সভাপতি | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) সদস্য | | |
| চেয়ারম্যান ৮নং ফুলকোচা সদস্য | | |
| চেয়ারম্যান ৯নং ঘোষের পাড়া সদস্য | | |
| উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কর্মকর্তা- সদস্য সচিব | | |
| পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) সভাপতি | | |
| ভাইস চেয়ারম্যান সদস্য | | |
| চেয়ারম্যান ১১ নং শ্যামপুর সদস্য | | |
| চেয়ারম্যান ১নং দুরমুঠ সদস্য | | |
| উপজেলা পল্লী উন্নয়ন অফিসার- সদস্য সচিব | | |
| পরিবেশ ও বন কমিটি | | |
| ভাইস চেয়ারম্যান সভাপতি | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) সদস্য | | |
| চেয়ারম্যান ২নং কুলিয়া সদস্য | | |
| চেয়ারম্যান ৩নং মাহমুদপুর সদস্য | | |
| উপজেলা ফরেস্টার সদস্য সচিব | | |
| জনস্বাস্থ্য, স্যানিটিশন ও বিশুদ্ধপানি সরবরাহ কমিটি | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) সভাপতি | | |
| ভাইস চেয়ারম্যান সদস্য | | |
| চেয়ারম্যান ৫নং নয়ানগর সদস্য | | |
| চেয়ারম্যান ৬নং আদ্রাসদস্য | | |
| উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)অফিসার- সদস্য সচিব | | |
| অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন কমিটি | | |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) সভাপতি | | |

| | | |
|---|---|---|
| ভাইস চেয়ারম্যান সদস্য<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা সদস্য<br>চেয়ারম্যান ৯নং ঘোষের পাড়া সদস্য<br>উপজেলা প্রকৌশলী- সদস্য সচিব<br>**প্রাথমিক ও গণশিক্ষা কমিটি**<br>ভাইস চেয়ারম্যান সভাপতি<br>ভাইস চেয়ারম্যান (মহিলা) সদস্য<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া সদস্য<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ সদস্য<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার- সদস্য সচিব | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০।০৬।২৪

(মোঃ দিদারুল পাশা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

স্মারক নং :উপকা.মেলা.২০২৪.৭৫

তারিখ : ৩০.০৬.২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব মির্জা আজম এমপি, ১৪০ জামালপুর-৩. ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, জামালপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৬। ............................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৭। অফিস কপি।

৩০।৬।২৪

(মাহবুবা হক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

# জুন/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মো: দিদারুল পাশা, চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭১১-৬৩৬৮৮৫<br>uzchairmanmelandah@gmail.com | |
| ২. | শফিক জাহেদী রবিন<br>মেয়র মেলান্দহ পৌরসভা, জামালপুর | | |
| ৩. | মেয়র হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | | |
| ৪. | মো: ইব্রাহিম খলিলুল্ল্যাহ<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,<br>মেলান্দহ | 01711 241399 | |
| ৫. | জোনাকি<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,<br>মেলান্দহ | 01762356095 | |
| ৬. | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | 01724-105975 | |
| ৭. | মো: আ: ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | 01715340425 | |
| ৮. | মোহাম্মদ আলী জিন্নাহ<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন<br>পরিষদ | | |
| ৯. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | 01712125156 | |
| ১০. | মো: শফিউল আলম<br>চেয়ারম্যান ৫নং নয়ানগর ইউনিয়ন<br>পরিষদ | 01719-815496 | |
| ১১. | মো: রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | 01320391020 | |
| ১২. | মো: শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন<br>পরিষদ | 01715995985 | |
| ১৩. | মো: মামুনুর রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন<br>পরিষদ | 01716287050 | |
| ১৪. | মো: সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন<br>পরিষদ | 01711548178 | |
| ১৫. | মোছা: আঞ্জুমনোয়ারা হেনা<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন<br>পরিষদ | ০১৭২০৯০৮৮৯০ | |
| ১৬. | এস.এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন<br>পরিষদ | | |

# জুন/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম আলমগীর, উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | [illegible]: 01723903798<br>sanifmc-166@gmail.com | |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | | |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | ০১৭১৮-৭৫৮৮-৩৩ | |
| ০৫ | মো: মাহমুদুর রহমান<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | | |
| ০৬ | ডা: মো: আতিকুর রহমান<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | ০১৭৩৩-২৫৩৫১৯<br>ulomelandahjamalpur@gmail.com | |
| ০৭ | মো: আ: রাজ্জাক<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | pio.razzaque@yahoo.com<br>01721330075 | |
| ০৮ | মো: আরিফুর রহমান<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01679540108<br>usso.melandah@gmail.com | |
| ০৯ | মোহাম্মদ আলী চকদার<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01712 293 228<br>ueo melandah@gmail.com | |
| ১০ | জান্নাতুন নাহার<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০১৭১৫৭৫১৯৪৪. uwao. Melanda | |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01715-301977<br>melandahdyd@gmail.com | |
| ১২ | শুভাশীষ রায়<br>উপজেলা প্রকৌশলী | 01721704152<br>ue.melendah@gov.bd. | |
| ১৩ | মো: জাকির হোসেন<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01818-822648 | |
| ১৪ | মো: হাবিবুলাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01710857139<br>uco.melandah@gmail.com | |
| ১৫ | শবনম মুস্তারী<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01917-872355<br>smustary01@gmail.com | |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | 01828-104926 | |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [illegible]<br>০১৫২৮৫০৬২৭৮ | |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | 01719-431435<br>raihan.ugdp@gmail.com | |

উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.

তারিখ ঃ ২৭.০৬.২০২৪

নোটিশ

আগামী ৩০.০৬.২০২৪ তারিখ, রোজ রবিবার বিকাল ৩.০০ ঘটিকায় মির্জা আজম আধুনিক অডিটরিয়াম ২য় তলার হল রুমে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ দিদারুল পাশা, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ৩০.০৬.২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৭/৬/২৪
(মাহবুবা হক)
পরিচিতি নং-১৮১০৫
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

.....................................................
.................................... সম্মানীত সদস্য
উপজেলা পরিষদ মাসিক সভা, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.

তারিখঃ ২৭.০৬.২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জনাব মির্জা আজম এমপি- ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ মাসিক সভা, মেলান্দহ, জামালপুর।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

২৭/৬/২৪
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।